# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 05 May, 2025

কৃষিনির্ভর বাংলাদেশ’ এবং ‘কৃষি রপ্তানি নির্ভর বাংলাদেশ’ গড়তে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ‘কৃষক বাঁচলে দেশ বাঁচবে’ বার্তাটি কৃষকদের মাঝে পৌঁছে দিতে বাগেরহাট জেলা ছাত্রদল প্রচারণা শুরু করেছে।সোমবার (০৫ মে) দুপুরে বাগেরহাটের কচুয়া উপজেলার বিভিন্ন মাঠে কর্মরত কৃষকদের কাছে গিয়ে তারেক রহমানের বার্তা পৌঁছে দেন বাগেরহাট জেলা ছাত্রদল নেতা শেখ আল মামুন।

এসময় উপস্থিত ছিলেন, ছাত্রদল নেতা শেখ আল ইমরান, ওয়ালিদ হোসাইন,শামিম মুন্সি, জসিম মিনা,রোহিত হালদার, মুরাদ শেখ, গাজী ওলিয়ুর রহমান রিজভী,ইমন শেখ,কাইফ সরদার,রবি মুন্সি,কাজী তাসকিন,মোহাম্মদ শেখ সাগর,শান্ত ইসলাম, সিয়াম শিকদার প্রমুখ।

জেলা ছাত্রদল নেতা শেখ আল মামুন বলেন, কৃষক বাচলে দেশ বাচবে বি এন পি মানেই কৃষকের দল,শ্রমিকের দল।আজকের এই দিনে আমরা স্বরন করতে চাই আমাদের মহান নেতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান কে।যার হাত ধরে বাংলাদেশের কৃষি ও কৃষক এক নতুন দিগন্ত উন্মোচন করেছিল। ক্ষুধা ও দুর্ভিক্ষপীড়িত বাংলাদেশকে তার বলিষ্ঠ নেতৃত্ব খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করেছিল।আগামীতে বি এন পি ক্ষমতায় এলে দেশনায়ক তারেক রহমান সারের দাম কমিয়ে দিবেন যাতে কৃষকের খরচ কমে যায় ফলন ভালো হয় কৃষক লাভবান হয়। দেশনায়ক তারেক রহমান সবসময় ই কৃষকের উন্নয়নে বেশি গুরুত্ব দিবেন, কৃষকের জন্য বিভিন্ন বীমা চালু করবেন।বন্যা, খরা,কিংবা যে কোন প্রাকৃতিক দুর্যোগে ফসল নষ্ট হলে সরকার আপনাদের পাশে থাকবে ইনশাআল্লাহ তিনি কৃষকদের জন্য ফারমার্স কার্ড এর ব্যবস্থা করে দিবেন।জনাব তারেক রহমান তার যোগ্য উত্তরসূরী।তিনিও মনেকরেন কৃষক বাঁচলে দেশ বাঁচবে। কৃষক ভালো থাকলে দেশ ভালো থাকবে। কৃষকের কল্যাণে বাংলাদেশ জাতীয়তাবাদীদল প্রনয়ণ করেছে একগুচ্ছ রূপকল্প।

আল ইমরান বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান মহোদয় আমাদের প্রশিক্ষণ দিয়ে বলেছেন দেশ উন্নয়নের যে ৩১ দফা প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে জানাতে।

আমরা তারই ধারাবাহিকতায় আমরা কচুয়া উপজেলার আন্দারমানিক এলাকায় এসেছি কৃষকদের জন্য তারেক রহমানের ভাবনা ও সালাম পৌঁছে দিতে।

ওয়ালিদ হোসাইন বলেন, তারেক রহমানের ৩১ দফা বাগেরহাটের প্রান্তিক জনগণের মাঝে জানাতে বাগেরহাট জেলা ছাত্রদল বদ্ধ পরিকর।

কৃষক রউফ মোল্লা বলেন, তারেক রহমানকে ধন্যবাদ।আমরা চাই তিনি দেশে এসে আমাদের পাশে থাকেন।বিএনপি যদি আমাদের জন্য এসকল কাজ করেন তবে আমরা বিএনপি তথা ধানের শীষে ভোট দিবো।

কৃষক সালাম বলেন, ছাত্রদলকে ধন্যবাদ জানাই। তারা এই গরমে গেঞ্জি, ক্যাপ, পানি, স্যালাইন ও কিছু খাবারের ব্যবস্থা করেছেন আমাদের জন্য।

তারেক রহমান ছাত্রদল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/khulna/7758071966